

৪। গোপালচাঁদ কয় হরি গুরুচাঁদ

প্রমথচাঁদেতে দেখ ত্রিনাথ অধিষ্ঠান ;

অবিশ্বাসী বিশের পরাণ রে,

হরি বলে ধ'রলি নে চাঁদ সাদরে ॥

—বিশ্বেশ্বর মলঙ্গী



১৪৪ নং

তাল—ঠুংরী

দম্ দম্ দম্ ডঙ্কা বাজে শিঙ্গায় তুলে' রোল ।

নিশান ধরে, চলছে কারা, বলে' হরিবোল ॥

১। তাদের—মুখ ভরা যে হাসি,

যেন, খসে প'ল শশী,

তারা—নেচে নেচে চলছে পথে সবকে দিয়ে কোল ॥

২। তাদের দু'নয়নে জল,

যেন, দু'টি মুক্তা ফল,

আবার, পায়ের দাপে, ধরা কাঁপে, (যেমন)

ছুটছে পাগল ॥

৩। তারা সামনে চেয়ে ধায়,

ফিরে নাহি চায়,

মনের মানুষ মন যে, তাদের করেছে উতোল ॥